পঞ্চাশে পা রাখলেন পাবনা প্রেসক্লাবের সম্পাদক

পঞ্চাশে পা রাখলেন রেমন ভাই

শহর প্রতিনিধি: আজ ২৬ জুন ২০১৬, এদিন পঞ্চাশ বছরে পা রাখলেন পাবনা প্রেসক্লাবের সম্পাদক, বাংলাভিশনের পাবনাস্থ স্টাফ রিপোর্টার ও দৈনিক ইছামতির বার্তা সম্পাদক আঁখিনুর ইসলাম রেমন।

জন্মদিনের বিষয়টি অজানা ছিলো সহকর্মীদের কাছে। রোববার (২৬ জুন) রাতে হঠাৎ বিষয়টি জানাজানি হওয়ার পরে তাৎক্ষনিক ভাবে তাকে ফুলেল শুভেচ্ছা জানান পাবনা প্রেসক্লাবের সভাপতি প্রফেসর শিবজিত নাগ, সাবেক সম্পাদক আহমেদ উল হক রানা ও দপ্তর সম্পাদক এসএম আলাউদ্দিনসহ সহকর্মীরা।

সহকর্মীরা তার দীর্ঘায়ু ও পেশাগত জীবনে সফলতা কামনা করেন। এসময় আঁখিনুর ইসলাম রেমন তার চলার পথে সহকর্মীসহ পাবনাবাসীর কাছে দোয়া ও সহযোগিতা কামনা করেন।